# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 03-11-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর কাজ আগামীকাল থেকে শুরু হচ্ছে।

২) উত্তর ২৪ পরগনার সোদপুর এবং পূর্ব বর্ধমানে বিজেপির জোড়া মিছিলে শর্তসাপেক্ষে অনুমতি কলকাতা হাইকোর্টের।

৩) প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে আগামী দিনে ভারত বিশ্বের সমস্যা সমাধানে নেতৃত্ব দেবে বলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রত্যয় ব্যক্ত করেছেন।

৪) ৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আগামী ২২-শে জানুয়ারী থেকে শুরু হবে। চলবে তেশরা ফেব্রুয়ারী পর্যন্ত।

৫) রাজ্য সরকার জাতীয় স্তোত্র বন্দেমাতরমের দেড়শো বছর উদযাপনে বিশেষ কর্মসূচী হাতে নিয়েছে।

৬) আগরতলায় রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে ত্রিপুরা, বাংলার বিরুদ্ধে প্রথম ইনিংসে ৭ উইকেটে ২৭৩ রান করেছে।

oooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজ শুরু হচ্ছে আগামীকাল। এক মাস ব্যাপী এই কর্মসূচিতে বুথ লেভেল আধিকারিকরা প্রত্যেক নাগরিকের বাড়ি বাড়ি গিয়ে এনুমারেশন ফর্ম দেবেন এবং পূরণের পর তা সংগ্রহ করবেন। এই প্রক্রিয়া চলবে ৪ঠা ডিসেম্বর পর্যন্ত। আজই বিএলওরা ফর্ম সংগ্রহ করেছেন।

এদিকে এনুমারেশন ফর্ম বিতরণের পর্ব শুরু হওয়ার আগে আজ বিকেলে রাজের মুখ্য নির্বাচনে আধিকারিক, সব জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। এই পর্ব যাতে নির্বিঘ্নের সম্পন্ন হয় সেজন্য সব রকম ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। বিএলও-দের নিরাপত্তা নিশ্চিত করতেও জেলাগুলিকে নির্দেশ দিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ।

এদিকে, এসআইআর এর সময় কোনো বৈধ ভোটারের নাম যাতে বাদ না পড়ে সেই দাবিতে All India Imam Association এর সভাপতি মহম্মদ Bakibillah মোল্লার নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর সঙ্গে দেখা করে।

অন্যদিকে, রাজ্যের প্রতিটি জেলায় কংগ্রেসের তরফে এস আই আর হেল্প ডেস্ক চালু করা হচ্ছে বলে দলের তরফে জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনীর সময় নথিপত্রের যাতে সঠিকভাবে যাচাই ও পর্যালোচনা করা হয় তার জন্য বিজেপি নির্বাচন কমিশনকে অনুরোধ করেছে। আজ নতুন দিল্লিতে অমিত মালবিয়ার নেতৃত্বে বিজেপি-র একটি প্রতিনিধি দল নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে দেখা করে এই দাবি জানান। এরপর সাংবাদিকদের শ্রী মালবিয়া বলেন, রাজ্যে এস আই আর-এর জন্য যে সমস্ত নথিপত্র নেওয়া হচ্ছে, তার মধ্যে বহু নথি এমন আছে, যা ভুয়ো এবং অবৈধ। বুথ

লেভেল আধিকারিক – বিএলও-দের ভয় দেখানোর যে অভিযোগগুলি উঠেছে, তাও তিনি নির্বাচন কমিশনকে ক্ষতিয়ে দেখার অনুরোধ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারে বিজেপি এবং সি পি আই এম-এর বুথ লেভেল এজেন্ট – বিএলএ-দের ওপর হামালার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। কোচবিহার এক নম্বর ব্লকে বিজেপি-র বি এল এ-দের বৈঠক চলাকালীন শাসক দল আশ্রিত দুষ্কৃতিরা তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ। এই ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন বলে বিজেপি-র দাবি।

এদিকে, তুফানগঞ্জ এক নম্বর ব্লকে প্রশিক্ষণ শিবির থেকে সিপিআইএম-র বি এল এ-দের জোর করে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। বিষয়টি নিয়ে মহকুমা শাসকের কাছে অভিযোগ জানিয়েছেন তারা।

দুটি ক্ষেত্রেই অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির অভিযোগে এবং মহিলাদের নিরাপত্তার দাবিতে উত্তর ২৪ পরগনার সোদপুর এবং পূর্ব বর্ধমানে বিজেপি-র জোড়া মিছিলে শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। পুলিশের অনুমতি না মেলায় হাইকোর্টের দ্বারস্থ হয় বিজেপি নেতৃত্ব। বিচারপতি কৌশিক চন্দ্রের বেঞ্চ আজ মামলার শুনানিতে জানিয়েছেন, আগামীকাল সোদপুরের ট্রাফিক মোড় থেকে তেঁতুলতলা পর্যন্ত দুপুর তিনটে থেকে পাঁচ অবধি মিছিল করা যাবে। সাধারণ মানুষের যাতে কোন সমস্যা না হয়, সেব্যাপারে সতর্ক থাকতে বলেছেন আদালত।

অন্যদিকে, আগামী ৫-ই নভেম্বর পূর্ব বর্ধমানের বড়নীলপুর মোড় থেকে কার্জন গেট পর্যন্ত মিছিলের অনুমতি দিয়েছে হাইকোর্ট। দুপুর ২-টো থেকে সন্ধে ৬-টা পর্যন্ত মিছিল

করা যাবে। উভয় ক্ষেত্রেই অংশগ্রহণকারীদের সংখ্যা নির্দিষ্ট করে দিয়েছে আদালত। দুটি মিছিলেই উপস্থিত থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে সম্প্রতি কালীমূর্তি ভাঙার প্রতিবাদে বিজেপি আজ মিছিল করে। কাকদ্বীপ ইয়ংস্টার মোড় থেকে বাসন্তী ময়দান পর্যন্ত এই মিছিলে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরে সাংবাদিকদের বিরোধী দলনেতা বলেন, গোটা রাজ্যজুড়ে জঙ্গলরাজ চলছে। এর বিরুদ্ধে সকলকে এক জোট হওয়ার আহ্বান জানান তিনি। শোভন চট্টোপাধ্যায় এবং বৈশাখী বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল যোগদান নিয়েও কটাক্ষ করেন শুভেন্দুবাবু।

( বাইট – শুভেন্দু )

oooooooooooooooooooooooooo

প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে আগামী দিনে ভারত বিশ্বের সমস্যা সমাধানে নেতৃত্ব দেবে বলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রত্যয় ব্যক্ত করেছেন। কলকাতার এক পাঁচতারা হোটেলে আজ ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত ইন্ডিয়া @ 100– অ্যান এজ অফ নিউ ডন’ শীর্ষক অনুষ্ঠানে তিনি বলেন, ভারতের মেয়েরা সব ক্ষেত্রেই অগ্রণী ভূমিকা পালন করছে।

(বাইট – ওম বিড়লা)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে পরিবেশ বান্ধব প্রযুক্তি উৎপাদনে সবচেয়ে বড় কেন্দ্র হয়ে উঠছে ভারত। কোভিডের সময় নিজেদের আবিষ্কৃত ভ্যাকসিনের মাধ্যমে ভারত যেমন বিশ্বের পাশে দাঁড়িয়েছিল, তেমনই আগামী দিনে গবেষণাতেও পথ দেখাবে। দেশের প্রাকৃতিক সম্পদ, কুশলী কর্মী, উন্নত পরিকাঠামো মিলিয়ে ভারত আজ বিশ্বের শিল্প-বাণিজ্য মহলের কাছে সবচেয়ে পছন্দের গন্তব্য। বিকশিত ভারত গঠনে দেশের মেয়েরা অগ্রণী ভূমিকা নেবে বলে শ্রী বিড়লা মনে করেন।

লোকসভার অধ্যক্ষ আরও বলেন, বিনিয়োগের পথে সরকারি লাল ফিতের জট খুলতে এবং শিল্পবান্ধব পরিবেশ গড়ে তুলতে প্রধানমন্ত্রী গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছেন। খুব শীঘ্রই বিনিয়োগ ক্ষেত্র আরও সুগম করার নতুন সিদ্ধান্ত সামনে আসবে।

অনুষ্ঠানে ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি এন জি খৈতান, প্রাক্তন সভাপতি পবন পোদ্দার, বিভিন্ন দূতাবাস, শিল্প ও বণিক মহলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooo

৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু হবে আগামী বছরের ২২শে জানুয়ারি সল্টলেকের বইমেলা প্রাঙ্গণে ,চলবে ফেব্রুয়ারির ৩ তারিখ পর্যন্ত। এবারের ফোকাল থিম কান্ট্রি আর্জেন্টিনা। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের সভাপতি সুধাংশু শেখর দে এ খবর জানিয়ে বলেন, গ্রেট ব্রিটেন, আমেরিকা ,জার্মানি,অস্ট্রেলিয়া, ফ্রান্স, স্পেন, পেরু, কলম্বিয়া, জাপান, থাইল্যান্ড এবং লাতিনা আমেরিকার অনেকগুলি দেশ বইমেলায় অংশ নিতে চলেছে। বইমেলার পরিসর না বাড়ায় খুব অল্প সংখ্যক নতুন প্রকাশনাকেই এবার স্টল করার সুযোগ দেওয়া যাবে।

(বাইট – সুধাংশু)

সংগঠনের সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন, ২০২৭ সালে কলকাতা বই মেলার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১৯৭৬ থেকে ১৯৯৬ পর্যন্ত ময়দানে আয়োজিত বইমেলার দুর্লভ আলোকচিত্রের একটি প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এর মধ্যে দশটি সেরা আলোকচিত্রকে আর্থিক পুরস্কারে সম্মানিত করা হবে। অন্যদের সঙ্গে আর্জেন্টিনা দূতাবাসের দুজন প্রতিনিধি সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত জাতীয় স্তোত্র বন্দেমাতরম-এর দেড়শো বছর উদযাপনে বিশেষ কর্মসূচী হাতে নিয়েছে। নবান্নে আজে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়।

মন্ত্রিসভার সদস্য চন্দ্রিমা ভট্টাচার্য জানান এব্যাপারে লীনা গঙ্গোপাধ্যায়-এর নেতৃত্বে ১৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

ঝাড়গ্রামের সুখনিবাসা ও খাগড়াশোল মৌজায় রাজ্য শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের হাতে থাকা ১৪৯ একরের বেশি জমি নিয়ম মেনে ফ্রি হোল্ড ভিত্তিতে দুটি বে-সরকারী সংস্থার হাতে তুলে দেওয়া সংক্রান্ত আরও একটি প্রস্তাব আজকের বৈঠকে গৃহীত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগরতলায় চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচের আজ তৃতীয় দিনে বাংলার বিরূদ্ধে ত্রিপুরা প্রথম ইনিংসে সাত উইকেটে ২৭৩ রান করেছে। হনুমা বিহারী ১২১ এবং মণিশঙ্কর মুরা সিং ৪২ রানে অপরাজিত আছেন। বাংলার মহম্মদ কাইফ চারটি উইকেট নিয়েছেন। প্রথম ইনিংসে বাংলা ৩৩৬ রান করে। ত্রিপুরা তৃতীয় দিনের শেষে বাংলার চেয়ে ৬৩ রানে পিছিয়ে আছে।

অন্যদিকে, কল্যাণী তে আজ কর্নেল সি কে নাইডু ট্রফি ক্রিকেটের দ্বিতীয় দিনে বাংলার বিরূদ্ধে রাজস্থান প্রথম ইনিংসে ছয় উইকেটে ৩০৯ রান করেছে। করণ লাম্বা ১০৯ রানে অপরাজিত। বাংলার প্রথম ইনিংসে করে ১৪৬ রানে শেষ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার লীগের ম্যাচ গড়াপেটার অভিযোগে ক্ষিদিরপুর ক্লাবের দুই কর্তাকে গ্রেফতার করেছে পুলিশ। বেশ কয়েকমাস ধরে ম্যাচ গড়াপেটার অভিযোগ ওঠায় গতকাল ক্ষিদিরপুর ক্লাবের টীম ম্যানেজার আকাশ দাসকে বেলঘরিয়া থেকে এবং ক্লাবের মিডিয়া ম্যানেজার রাহুল সাহাকে ব্যারাকপুর থেকে আটক করে লালবাজারে নিয়ে আসা হয়। দীর্ঘ জেরার পর দু-জনকে গ্রেফতার করা হয়। বেটিং চক্র চালিয়ে অভিযুক্তরা বিপুল টাকা পেয়েছিল বলে তদন্তে উঠে এসেছে। প্রাথমিক জেরায় চক্রের সঙ্গে যুক্ত আরও বেশ কয়েকজনের নাম জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলের ওপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি আগামী ২৪ ঘন্টায় ক্রমশ উত্তর , উত্তর পশ্চিমে মায়ানমার- বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হবে। তবে এর সরাসরি কোনো প্রভাব এখনই এরাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

এদিকে উত্তরবঙ্গে আজ সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কম ছিল। সকালের দিকে দার্জিলিংয়ের বেশ কিছু জায়গায় কুয়াশা দেখা যায়। আলিপুরদুয়ারের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ ডিগ্রি সেলসিয়াস। দক্ষিণবঙ্গের শ্রীনিকেতন এবং সিউড়িতে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কুড়ি ডিগ্রি সেলসিয়াস।

আগামী দু এক দিনে উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমলেও দক্ষিণবঙ্গে একই রকম থাকার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০